বাংলা ১ম পত্র (সৃজনশীল)
বিষয় কোড - 101
সময়-২ ঘণ্টা ৩০ মিনিট
পূর্ণমান-৭০

**দ্রষ্টব্য**: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং নিচের প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক বিভাগ-গদ্য থেকে ন্যূনতম **দুটি**, খ বিভাগ-কবিতা থেকে ন্যূনতম **দুটি**, গ বিভাগ-উপন্যাস ও ঘ বিভাগ-নাটক থেকে ন্যূনতম একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।

prosnobd.com

বাংলা ১ম পত্র (বহুনির্বাচনী)
বিষয় কোড - 101
সময় - ৩০ মিনিট
পূর্ণমান – ৩০

১। 'বিদ্রোহী' কবিতায় কবি কার বুকের 'ক্রন্দন-শ্বাস'?
(ক) হুতাশীর (খ) উৎপীড়িতের
(গ) অবমানিতের (ঘ) বিধবার

২। 'বিদ্রোহী' কবিতায় কবির অশান্ত হয়ে ওঠার কারণ কী?
(ক) নিপীড়িত মানবতার জন্য
(খ) হারানো ঐতিহ্য ফিরে পেতে
(গ) স্বাধীনতার জন্য
(ঘ) একাকিত্ব ও হতাশা থেকে

৩। "ওগো কবি অভিমান করেছ কি তাই"-কবির অভিমানের কারণ কী?
(ক) ফাল্‌গুন প্রকৃতির নিয়মে চলে এসেছে
(খ) প্রিয়জন নীরবে চলে গেছে
(গ) কেউ বসন্তের কথা স্মরণ করে দেয়নি
(ঘ) মাঘের সন্ন্যাসী শূন্য হাতে বিদায় নিয়েছে

৪। 'আঠারো বছর বয়স' কবিতা অনুসারে 'তাজা তাজা প্রাণে অসহ্য যন্ত্রণা' কীসের?
(ক) অসহায় ও একাকিত্বের (খ) ব্যর্থতার গ্লানির
(গ) অন্যায়-অবিচারের (ঘ) নানামুখী মতবাদের

**নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও:**
ভোরের ঠান্ডা বাতাসে বাবার হাত ধরে হাঁটতে হাঁটতে মুক্তিযুদ্ধের গল্প শোনে কিশোর রাশেদ। কেন্দ্রীয় শহিদ মিনারের সামনে দাঁড়িয়ে তার কিশোর কল্পনায় ভেসে ওঠে ছাত্র-জনতার বিশাল মিছিল। লাল ফুলের পাপড়ি দলিত করে ওরা এগিয়ে চলে সচিবালয়ের দিকে। তাদের হাতে, ব্যানারে বাংলা বর্ণমালা। রাশেদের চোখে অশ্রু, বুকের ভেতর আনন্দের ফোয়ারা।

৫। উদ্দীপকে শেষ লাইনের সাথে নিচের কোনটি সাদৃশ্যপূর্ণ?
(ক) ঝলকিত রক্তের বুদ্‌বুদ, স্মৃতিগন্ধে ভরপুর
(খ) শিহরিত ক্ষণে ক্ষণে আনন্দের রৌদ্রে আর দুঃখের ছায়ায়
(গ) এখনো বীরের রক্তে দুঃখিনী মাতার অশ্রুজলে
(ঘ) কেউ বা ভীষণ জেদী, দারুণ বিপ্লবে ফেটে পড়া

৬। 'ফেব্রুয়ারী ১৯৬৯' কবিতার যে দিকটি উদ্দীপকে প্রতিফলিত হয়েছে-
i. মুক্তিযুদ্ধে ভয়ঙ্কর স্মৃতি ii. ছাত্র-জনতার বিশাল মিছিল
iii. লাল ফুলের পাপড়ি দলিত করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

৭। 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন দিকটি পাঠকের অন্তর ছুঁয়ে যায়?
(ক) নাটকীয় উপস্থাপন (খ) সংলাপধর্মিতা
(গ) সুললিত ছন্দ (ঘ) বসন্ত বন্দনা

৮। "ঠাট্টার সম্পর্কটিকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই"-উক্তিটি কার?
(ক) অনুপম (খ) কল্যাণী
(গ) অনুপমের মামা (ঘ) শম্ভনাথ বাবুর

৯। অনুপম তার মামাকে 'ফল্‌গুর বালি' বলার কারণ, তিনি
(ক) নদীর মতোই গতিশীল (খ) দয়া-মায়াহীন
(গ) পরিবারের সর্বময় কর্তা (ঘ) লোভীপ্রকৃতির মানুষ

নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও:
খেলার মাঠে মারামারির সময় ইন্দ্রনাথ শ্রীকান্তকে গণপিটুনির হাত থেকে রক্ষা করে। সেই থেকে অনাত্মীয়, দুঃসাহসী ও হৃদয়বান ইন্দ্রনাথের সাথে শ্রীকান্তের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে ওঠে। পরবর্তীকালে ইন্দ্রের অনেক দুঃসাহসী কর্মের সঙ্গী হয় শ্রীকান্ত।

১০। উদ্দীপকের খেলার মাঠের ঘটনাটি 'বিলাসী' গল্পের কোন বিষয়ের সাথে তুলনীয়?
(ক) গ্রামের ছেলেমেয়েদের রূঢ় জীবন
(খ) ন্যাড়া কর্তৃক বিলাসীকে রক্ষার চেষ্টা
(গ) সেবাপরায়ণ বিলাসীর উদার হৃদয়
(ঘ) মৃত্যুঞ্জয়কে বাঁচানোর ব্যর্থ চেষ্টা

১১। উক্ত তুলনার কারণ কী?
i. পরস্পর অনাত্মীয় ii. হৃদয়ের ঐশ্বর্য
iii. দুঃসাহসী কাজের সঙ্গী
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১২। নজরুলের মতে আত্মাকে চিনলে কী আসে?
(ক) আত্মমর্যাদা (খ) আত্মসম্মান
(গ) আত্মবিশ্বাস (ঘ) আত্মনির্ভরতা

১৩। নজরুল কোন অপবাদকে 'মন্দের ভালো' বলেছেন?
i. বিদ্রোহ ii. দম্ভ iii. অহঙ্কার
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৪। "এভাবে মৃত্যুবরণ করে কি লাভ হবে'-উক্তিটি কার?
(ক) বঙ্গবন্ধুর স্ত্রীর (খ) সিভিল সার্জনের
(গ) জেল সুপারের (ঘ) মহিউদ্দীন সাহেবের

১৫। "যুদ্ধের আয়োজন করে তৈরি হয়ে থাকে মাসি-পিসি।" এই বাক্যে প্রকাশ পেয়েছে---
(ক) সশস্ত্র প্রতিরোধ (খ) বলিষ্ঠ প্রতিবাদ
(গ) মানবিক জীবনযুদ্ধ (ঘ) অস্তিত্বের সংগ্রাম

১৬। 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবির অনুরাগ ছুঁয়ে গেছে-
(ক) মুক্তিযুদ্ধকে (খ) সাহিত্যকে
(গ) শিল্পকে (ঘ) সংস্কৃতিকে

১৭। "খোলার জিনিস খোদায় তুইলা লইয়া গেছে'-উক্তিটি কার?
(ক) হাসুনির মায়ের (খ) মজিদের
(গ) রহিমার (ঘ) খালেক ব্যাপারীর

prashnobd.com

১৮। "তোমার দিলে কি ময়লা আছে-কার দিল?

(ক) দুদু মিঞা (খ) মতলুব খাঁ

(গ) তাহেরের বাল (ঘ) আক্কাস

১৯। কোন ঘটনায় জমিলার চোখ দুঃখ বেদনার অর্থহীনতায় হারিয়ে যায়?

(ক) অসম বিবাহ (খ) মজিদের নিষ্ঠুরতা

(গ) খ্যাংটা বুড়ির বিলাপ (ঘ) আমেনা বিবির তালাক

**নিচের উদ্দীপকটি পড় এবং ২০ ও ২১ প্রশ্নের উত্তর দাও:**

সহকর্মীদের পরামর্শে নাম-পরিচয়হীন একটি বেসরকারি সংস্থাকে গ্রামের শিক্ষা ও স্বাস্থ্য নিয়ে কাজ করার অনুমতি প্রদান করেন নব-নির্বাচিত চেয়ারম্যান আসিফ তালুকদার। কিছুদিন পর নানা-প্রলোভন দেখিয়ে গ্রামবাসীর কাছে কোটি টাকার চাঁদা হাতিয়ে নিয়ে সংস্থাটি চলে যায়। এই ঘটনায় অনুতপ্ত চেয়ারম্যান স্বেচ্ছায় পদত্যাগ করেন।

২০। উদ্দীপকের বেসরকারি সংস্থা 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন ঘটনাকে স্মরণ করিয়ে দেয়?

(ক) লবণের ইজারা (খ) আলিনগরের সন্ধি

(গ) পলাশির যুদ্ধের নেতৃত্ব (ঘ) কৃষ্ণলাভের মুক্তি

২১। উদ্দীপকের চেয়ারম্যানের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজ চরিত্রের মিল কোথায়?

i. সহকর্মীদের পরামর্শ ii. সরলতা ও শুভবোধ
iii. স্বেচ্ছায় পদত্যাগ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২২। "শুধু ওই একটি পথেই আবার আমরা উভয়ে উভয়ের কাছাকাছি চলতে পারি"--কোন পথ?

(ক) দেশপ্রেম (খ) আত্মবিশ্বাস

(গ) আত্মবিসর্জন (ঘ) বুদ্ধ-চালিয়ে যাওয়া

২৩। 'রেইনকোট গল্পের নুরুল হুদা কোন বিষয়ের লেকচারার ছিলেন?

(ক) ভূগোল (খ) পদার্থ (গ) আরবি (ঘ) কেমিস্ট্রি

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫ প্রশ্নের উত্তর দাও:**

নলবাড়ি গ্রামের সামনের বড় রাজকটি প্রচার কর যায়। ঐ গ্রামের এক প্রভাবশারী যক্তি চায় এয়ার এলা বাঁশের সেতু নির্মাণ করে পপ্রচারীদের কাছে সারাবছর চলা অনাগ্র কারেন। মানুষের উপরার করছেন বলে তিনি গৌরয়ায় করেন। পরবর্তীকালে নবনির্বাচিত চেয়ারমান ছেদেন। আলীর অর্থিক সহযোগিত, উৎসাহ ও পরামর্শে গ্রামবাসী। সেখানে একটি কালভাট নির্মাণ করেন। জলে মানুষের দীর্ঘদিনের জটের অবসান ঘটে।

২৪। 'মানব-কল্যান' প্রবন্ধের আলোকে চেয়ারম্যান হোসেন আলীর ভূমিকাকে কী বলা যায়?

(ক) সোপান রচনা (খ) ঔদার্য প্রদর্শন

(গ) টেকসই উন্নয়ন (ঘ) যোগ্য নেতৃত্ব

২৫। উদ্দীপকের প্রভাবশালী ব্যক্তির ভূমিয়া 'মানব-কল্যাণ' প্রবন্ধের সাথে কীভাবে সম্পর্কিত?

(ক) বাহবা কুড়ানোর প্রবণতা

(খ) মানুষের জৈব অস্তিত্বের প্রতি সহানুভূতিশীল

(গ) চাটুকার ও তাবেদার শ্রেণির জন্মদানা

(ঘ) সামাজিক বিভক্তিকরণের মনোয়ার

২৬। 'রেইনকোট' গল্পে রাশিয়ার সাথে বাংলাদেশের তুলনা করার কারণ কী?

(ক) সামরিক শক্তি (খ) ভৌগোলিক অবস্থান

(গ) মৌসুমি জলবায়ু (ঘ) বন্ধুরাষ্ট্র হিসেবে

২৭। 'সোনায় তরী' কবিতায় 'যারে খুশি তারে দাও' উক্তিতে প্রকাশ পেয়েছে-

i. মহাকাল অনন্ত ও অসীম ii. সৃষ্টির মাঝে বাঁচার আকুতি
iii. সৃষ্টির প্রতি গভীর ভালোবাসা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৮। 'সোনার তরী' কবিতায় 'বিদেশ' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

(ক) পরলোক (খ) অচেনা জগৎ

(গ) চিরায়ত শিল্পলোক (ঘ) মহাকাল

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও:**

গরিবের মেয়ে পিয়ারী একদিন আশ্রয় খুঁজেছিল ধনীর দুলাল অজেনের মধ্যে। অজেন তার মূল্য দেয়নি। হারিয়ে যাওয়া পিয়ারী একদিন দেখতে পায় করোনা আক্রান্ত অজেন একাকী গড়ে আছে হাসপাতালের বিছানায়। সুখের দিনে চারপাশ ঘিরে কাকত যারা, তারা কেউ লামে নেই। দিনরাত সেবা দিয়ে প্যিারী অজেনকে সুস্থ তার তোলে। অভীতে অরয়া ও অবয়েলায় কয়া একবারও মনে পড়েনি।

২৯। উদীপকের বিষয়বস্তু তোমার গঠিত কোন রচনার সাথে সাদৃশ্যপূর্ণ?

ক) তাহারেই পড়ে মনে (খ) প্রতিদান

(গ) বিলাসী (ঘ) মানব-কল্যাণ

৩০। উক্ত সাঙ্গশোর কারণ কী?

i. সমৃদ্ধ হৃদয়বৃত্তি ii. উভয়ের অসহায়ত্ব
iii. নির্মোহ ঔদার্য

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

prosnobd.com